

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

মসজিদে যাওয়ার আদব - ২৯. কিভাবে? কি শিষ্টাচার বজায় রেখে মসজিদে যাব?

- (১) নিজ ঘর থেকে ওযু করে যাওয়া উত্তম,
- (২) মসজিদে যাওয়ার আগে কাচা রসুনপিয়াজ না খাওয়া এবং দুর্গন্ধ মুক্ত হয়ে যাওয়া। (বুখারী: ৮৫৫)
- (৩) সাজগোছ করে ভালো পোশাকে মসজিদে যাওয়া। (সূরা ৭; আরাফ ৩১)
- (৪) দু'আ পড়ে ঘর থেকে বের হওয়া, পথে যেতে যেতে ও দু'আ পড়া। (আবু দাউদ: ৫০৯৫)
- (৫) ধীরস্থির হাঁটা, দৌড়াদৌড়ি না করা। (বুখারী: ৬৩৬)
- (৬) ডান পা আগে দিয়ে মসজিদে প্রবেশ এবং বের হওয়ার সময় বাম পা আগে দেওয়া।(মুসলিম)।
- (৭) প্রবেশ করেই দুই রাকআত তাহিয়্যাতুল মসজিদ সালাত আদায় করা। (বুখারী)
- (৮) জায়গা খালি থাকলে প্রথম কাতারে বসা। (বুখারী: ৬১৫)
- (৯) কিবলামুখী হয়ে বসা এবং কুরআন তিলাওয়াত করতে থাকা। (তাবরানী)
- (১০) জামাত দাঁড়িয়ে গেলে আর কোন সুন্নাতের নিয়ত না করা। এমনকি ফজরেও না। (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12913

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন